দৈনিক ইত্তেফাক

117

তারিখ ... ... — AUG 29 1995
পৃঃ ৫ ... কলাম ২ ......

# শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ

সম্প্রতি ঢাকা বোর্ড কমিটির এক বৈঠকে এস,এস,সি এবং এইচ,এস,সি পরীক্ষায় এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরবর্তী বৎসর একই বিষয়ের পরীক্ষা নিয়া পূর্বের পরীক্ষার প্রাপ্ত মোট নম্বর যোগ করিয়া প্রথম, দ্বিতীয় বা তৃতীয় বিভাগ দিয়া ফল প্রকাশ করা হইবে বলিয়া সিদ্ধান্ত গৃহীত হয়। এই সিদ্ধান্ত অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করা হইয়াছে বলিয়া জানা গিয়াছে। ঢাকা বোর্ডের সিদ্ধান্তকে অভিভাবক মহল অভিনন্দন জানাইয়াছেন। এক বিষয়ে অকৃতকার্য ছাত্র-ছাত্রী চরম হতাশা হইতে মুক্তি পাইবে এবং পড়াশোনায় মনোযোগী হইবে। আর্থিক সংকটের কারণে দরিদ্র পরিবারে অভিভাবকদের পক্ষে পরবর্তী বৎসর পরীক্ষা দেওয়ার খরচ বহন করা সম্ভব হয় না। ফলে অনেকে পরীক্ষা দিতে পারে না। আর তাই এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থীদের পরবর্তী বৎসরেরই একই বিষয়ে পরীক্ষা দেওয়ার সিদ্ধান্ত ঢাকা, কুমিল্লা, রাজশাহী, যশোর ও চট্টগ্রাম বোর্ডে অনুমোদনের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

সুমিত্র বিকাশ বড়ুয়া,
১৫৪ জুবিলী রোড,
চট্টগ্রাম।